# মিডিয়া রিলিজ

Life-এ নতুন এক্সপেরিয়েন্স

## ব্যবসায়িক প্রবৃদ্ধি ধরে রাখার সাথে সাথে ফোরজিতে নেতৃত্ব দিচ্ছে রবি

*তৃতীয় প্রান্তিকের আর্থিক প্রতিবেদন প্রকাশ: মোট গ্রাহকের ৫০ দশমিক ৯ শতাংশ ফোরজি গ্রাহক, যা এই খাতে সর্বোচ্চ*

**এক নজরে তৃতীয় প্রান্তিক ২০২২: (জুলাই-সেপ্টেম্বর)**

- সক্রিয় গ্রাহক সংখ্যা ৫ কোটি ৪৪ লাখ
- ইন্টারনেট গ্রাহক সংখ্যা ৪ কোটি ১১ লাখ যা রবির মোট গ্রাহকের ৭৫ দশমিক ৫ শতাংশ
- মোট গ্রাহকের ৫০  দশমিক ৯ শতাংশ এবং মোট ইন্টারনেট ব্যবহারকারীর ৬৭ দশমিক ৩ শতাংশ ফোরজি প্রযুক্তি ব্যবহার করেন
- মোট আয়ের পরিমাণ ২ হাজার ২০৭ দশমিক ৪ কোটি টাকা
- ৪৩ দশমিক ৯ শতাংশ মার্জিনসহ কর, ডেপ্রিসিয়েশন ও অ্যামর্টাইজেশন'র (ইবিআইটিডিএ) আগে আয়ের পরিমাণ ৯৬৯ দশমিক ৮ কোটি টাকা
- শেয়ার প্রতি আয় (ইপিএস) ০.০৬ টাকা
- মূলধনী বিনিয়োগ ৫৫৫ দশমিক ৫ কোটি টাকা
- কর পরবর্তী মুনাফা (পিএটি) ২৯ দশমিক ২ কোটি টাকা
- রাষ্ট্রীয় কোষাগারে জমা ১০১২ দশমিক ২ কোটি টাকা যা রবির ২০২২ সালের তৃতীয় প্রান্তিকে অর্জিত আয়ের ৪৫ দশমিক ৯ শতাংশ

**ঢাকা, অক্টোবর ২৯, ২০২২:** চলতি বছরের গত প্রান্তিক (এপ্রিল-জুন) থেকে ৪ দশমিক ৮ শতাংশ রাজস্ব বৃদ্ধির মাধ্যমে তৃতীয় প্রান্তিকে (জুলাই-সেপ্টেম্বর) আর্থিক অগ্রগতির ধারা ধরে রেখেছে মোবাইল ফোন অপারেটর রবি, যা গত বছরের একই প্রান্তিকের তুলনায় ৫ দশমিক ৯ শতাংশ বেশি। চলতি প্রান্তিকে কর পরবর্তী মুনাফা (পিএটি) দাঁড়িয়েছে ২৯ দশমিক ২ কোটি টাকায়। আজ এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য প্রকাশ করেছে অপারেটরটি।

চলতি বছরের তৃতীয় প্রান্তিকে রবির মোট আয় ২ হাজার ২০৭ দশমিক ৪ কোটি টাকা। গত প্রান্তিকের তুলনায় ভয়েস সেবা থেকে রবির আয় বেড়েছে ৬ শতাংশ এবং গত বছরের একই প্রান্তিকের তুলনায় বেড়েছে ৮ দশমিক ৭ শতাংশ। গত প্রান্তিকের তুলনায় ডাটা সেবা থেকে আয় বেড়েছে ২ দশমিক ৮ শতাংশ এবং গত বছরের একই প্রান্তিকের তুলনায় তা বেড়েছে ৩ দশমিক ৮ শতাংশ।

তৃতীয় প্রান্তিকসহ চলতি বছরের প্রথম নয় মাসে রবির আয়  ৬ হাজার ৩৩১ দশমিক ৭ কোটি টাকা এবং পিএটি ৫৬ দশমিক ৯ কোটি টাকায় পৌঁছেছে।

২০২২ সালের তৃতীয় প্রান্তিক শেষে রবির মোট গ্রাহকের সংখ্যা দাঁড়িয়েছে ৫ কোটি ৪৪ লাখে, গত প্রান্তিকের তুলনায় যা ০ দশমিক ৩ দশমিক কম। নতুন গ্রাহক সংগ্রহের ক্ষেত্রে নির্দিষ্ট মান অনুসরণ করায় গ্রাহক বৃদ্ধির হারে সামান্য নেতিবাচক প্রভাব পড়েছে। গত বছরের একই প্রান্তিকের তুলনায় গ্রাহকের সংখ্যা ২.৫% বেড়েছে।

Robi Axiata Limited
53 Gulshan South Avenue

গত তিন মাসের তুলনায় ডাটা গ্রাহক সংখ্যা ১ দশমিক ৫ শতাংশ  বৃদ্ধি পেয়ে ৪ কোটি ১১ লাখে পৌঁছেছে। গত বছরের একই প্রান্তিকের তুলনায় এ বৃদ্ধির হার ৪ দশমিক ৮ শতাংশ।

মোট গ্রাহকের ৫০ দশমিক ৯ শতাংশ ফোরজি গ্রাহক নিয়ে ফোরজি সেবায় অগ্রণী অবস্থান বজায় রেখেছে রবি। চলতি বছরের তৃতীয় প্রান্তিকে রবির গ্রাহকদের মধ্যে ইন্টারনেট ব্যবহারকারীর হার ৭৫ দশমিক ৫ শতাংশ এবং এদের মধ্যে ৬৭ দশমিক ৩ শতাংশ ফোরজি প্রযুক্তি ব্যবহার করেন। ১৫ হাজার ২১৯টি ফোরজি সাইটের মাধ্যমে দেশের ৯৮ দশমিক ২ শতাংশ জনগণকে ফোরজি সেবার আওতায় এনেছে রবি।

চলতি বছরের তৃতীয় প্রান্তিক শেষে কোম্পানিটির মোট ফোরজি গ্রাহক সংখ্যা ২ কোটি ৭৬ লাখ যা গত প্রান্তিকের তুলনায় ৪ দশমিক ৯ শতাংশ বৃদ্ধি পেয়েছে এবং গত বছরের একই প্রান্তিকের তুলনায় এ বৃদ্ধির হার ২৩ দশমিক ২ শতাংশ।

এ বছরের তৃতীয় প্রান্তিকে রবির প্রত্যেক ইন্টারনেট ব্যবহারকারী গড়ে ৫ দশমিক ৭জিবি ডাটা ব্যবহার করেছেন যা গত বছরের একই প্রান্তিকের তুলনায় ৩৪ দশমিক ২ শতাংশ বেশি।

গত প্রান্তিকের তুলনায় ০ দশমিক ৩ শতাংশ বৃদ্ধি পেয়ে এ বছরের তৃতীয় প্রান্তিকে ৪৩ দশমিক ৯ শতাংশ মার্জিনসহ ইবিআইটিডিএ'র পরিমাণ দাঁড়িয়েছে ৯৬৯ দশমিক ৮ কোটি টাকায়। গত বছরের একই প্রান্তিকের তুলনায় ইবিআইটিডিএ বৃদ্ধির হার ১২ দশমিক ৬ শতাংশ। গত প্রান্তিকের তুলনায় ইবিআইটিডিএ মার্জিন কমেছে ২ দশমিক ০ পার্সেন্টেজ পয়েন্ট, গত বছরের একই প্রান্তিকের তুলনায় যা ২ দশমিক ৬ পার্সেন্টেজ পয়েন্ট বেশি।

এ বছরের তৃতীয় প্রান্তিকে রবির শেয়ার প্রতি আয় (ইপিএস) ০ দশমিক ০৬ টাকা, প্রথম নয় মাসে এটি ০ দশমিক ১১ টাকা।

রবি এ বছরের তৃতীয় প্রান্তিকে সরকারী কোষাগারে জমা দিয়েছে ১ হাজার ১২ দশমিক ২ কোটি টাকা, যা উক্ত প্রান্তিকের মোট আয়ের ৪৫ দশমিক ৯ শতাংশ। একই প্রান্তিকে মূলধনী বিনিয়োগের পরিমাণ ৫৫৫ দশমিক ৫ কোটি টাকা।

কোম্পানির আর্থিক ফলাফল সম্পর্কে রবির ভারপ্রাপ্ত সিইও অ্যান্ড সিএফও, এম. রিয়াজ রশীদ বলেন, "বাজারে আমাদের প্রবৃদ্ধির হারে আমরা আশান্বিত। তবে বড় অঙ্কের মূলধনী বিনিয়োগের ফলে মুনাফার হার আশানুরূপ হচ্ছেনা। টেকসই মূলধনী বিনিয়োগের কারণে উচ্চ ডেপ্রিসিয়েশন ও অ্যামর্টাইজেশন ব্যয় মুনাফার পরিমাণ সীমিত করে দিচ্ছে। কিন্তু দীর্ঘমেয়াদে টেকসই মুনাফা অর্জন নিশ্চিত করতে এই কর্মকৌশলের কোনো বিকল্প নেই। তবে এই দীর্ঘ যাত্রা শেষে কাঙ্ক্ষিত লক্ষ্য অর্জনে আমরা দৃঢ়প্রতিজ্ঞ। আমি আমাদের শেয়ারহোল্ডারদের অনুরোধ করবো এই দীর্ঘ যাত্রায় আমাদের সাথে থাকার জন্য।"

টেলিযোগাযোগ শিল্পে রবির প্রতিযোগিতামূলক অবস্থান সম্পর্কে রিয়াজ বলেন," সেবার মান এবং নেটওয়ার্ক কভারেজের বিবেচনায় গ্রাহকদের সেরা সেবা দিচ্ছে রবি। স্বভাবতই গ্রাহকরা প্রতিনিয়ত আমাদের দিকে ঝুঁকছেন। যারা প্রতিফলন হচ্ছে আমাদের মোট গ্রাহকের ৫০ দশমিক ৯ শতাংশ ফোরজি ব্যবহারকারী।"

Life-এ নতুন এক্সপেরিয়েন্স

## রবি সম্পর্কে:

রবি আজিয়াটা লিমিটেড ('রবি') একটি পাবলিক লিমিটেড কোম্পানি যেখানে এশিয়ার টেলিযোগাযোগ বাজারের অন্যতম কোম্পানি মালয়েশিয়াভিত্তিক আজিয়াটা গ্রুপ বারহাদের সিংহভাগ মালিকানা (৬১.৮২%) রয়েছে। এছাড়া রবিতে পাবলিক শেয়ারহোল্ডারদের (১০%) পাশাপাশি বিশ্ব টেলিযোগাযোগ বাজারের অন্যতম কোম্পানি ভারতী এয়ারটেলের (ভারত) শেয়ার রয়েছে ২৮.১৮%। রবি বাংলাদেশের দ্বিতীয় বৃহত্তম মোবাইল ফোন অপারেটর। দেশের মানুষের জন্য প্রতিনিয়ত নতুন নতুন ডিজিটাল সেবা আনছে কোম্পানিটি। দেশের প্রতিটি প্রান্তে উদ্ভাবনী সেবা পৌঁছে দেয়ার উদ্দেশে রবি অব্যাহত বিনিয়োগের মাধ্যমে শক্তিশালী টেলিযোগাযোগ অবকাঠামো গড়ে তুলেছে। দেশজুড়ে থাকা এ অবকাঠামো ডিজিটাল পণ্য ও সেবা সরবরাহের পাশাপাশি ক্রমবর্ধমান ডিজিটাল প্রতিবেশ গড়ে তুলতে মুখ্য ভূমিকা পালন করছে। শহর কিংবা গ্রাম যেখানেই হোক রবির হাত ধরে ডিজিটাল বাংলাদেশের পথে হাটছে দেশবাসী।

মিডিয়া অ্যান্ড কমিউনিকেশনস, রবি আজিয়াটা লিমিটেড কর্তৃক ইস্যুকৃত

যোগাযোগ


রবি আজিয়াটা থেকে:
মো. আশরাফুল ইসলাম
ashraful.4724@robi.com.bd
মোবাইল: ০১৮৩৩১৮২৫৪৪

ইমপ্যাক্ট পিআর থেকে:
তারেক মোরতাজা
সিনিয়র কনসালটেন্ট
মোবাইল: ০১৮৪১০৫০৫৫৫